

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ২৫ সেপ্টেম্বর, ২০১৬

**রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনকারী শুল্ক ও ভ্যাট কর্মকর্তাদের অভিনন্দন
জানিয়েছেন এনবিআর চেয়ারম্যান।**

শুল্ক ও ভ্যাট বিভাগের ২০১৬-২০১৭ অর্থবছরের রাজস্ব সংগ্রহ লক্ষ্যমাত্রা অর্জনের কর্মকৌশল এবং আগস্ট ২০১৬ মাস পর্যন্ত সময়ের রাজস্ব সংগ্রহ সংক্রান্ত অগ্রগতি ও পর্যালোচনা বিষয়ক মাসিক রাজস্ব সম্মেলন ২৫ সেপ্টেম্বর, ২০১৬ সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান সভায় সভাপতিত্ব করেন। রাজস্ব সম্মেলনে জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও ভ্যাট বিভাগের সদস্যবর্গ, জাতীয় রাজস্ব বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাগণসহ মাঠ পর্যায়ের শুল্ক ও ভ্যাট বিভাগের সংশ্লিষ্ট কমিশনারগণ উপস্থিত ছিলেন। রাজস্ব সম্মেলনের শুরুতে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড সম্প্রতি নিউইয়র্কে অনুষ্ঠিত ৭১তম জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে আন্তর্জাতিক সন্ত্রাস ও জঙ্গিবাদ সম্পর্কে এবং নারীর ক্ষমতায়ন, এসডিজির অর্থায়ন এবং বাংলাদেশে ব্যবসা বিনিয়োগের সুযোগ সম্প্রসারণে মাননীয় প্রধানমন্ত্রীর সাহসী ও ঐতিহাসিক বক্তব্যের সারসংক্ষেপ তুলে ধরেন। যা অধিবেশনে উপস্থিত বিশ্ব নেতৃবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে।


দিনব্যাপী অনুষ্ঠিত সম্মেলনে রাজস্ব আদায়ের গতি-প্রকৃতি পুঙ্খানুপুঙ্খভাবে বিচার-বিশ্লেষণ করা হয়। এতে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনকারী এবং লক্ষ্যমাত্রা অর্জনে পুরোপুরি সক্ষম হননি এমন কাস্টমস হাউজ এবং ভ্যাট কমিশনারেটসমূহের চিত্র তুলে ধরা হয়। যা নিম্নরূপঃ

শুল্ক রাজস্ব আদায়ঃ	লক্ষ্যমাত্রা অর্জনকারী কাস্টমস হাউজসমূহ	লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জনে সক্ষম হননি
	কাস্টমস হাউস চট্টগ্রাম, বেনাপোল, আই সি ডি কমলাপুর, পানগাঁও, ঢাকা (উত্তর), ঢাকা (পশ্চিম), চট্টগ্রাম কমিশনারেট, কুমিল্লা, রাজশাহী, রংপুর, যশোর কমিশনারেটসমূহ এবং ঢাকা বণ্ড কমিশনারেট	শুল্ক ভবন, ঢাকা ও মংলা, খুলনা ও সিলেট কমিশনারেট এবং চট্টগ্রাম বণ্ড কমিশনারেট।
ভ্যাট রাজস্ব আদায়	লক্ষ্যমাত্রা অর্জনকারী ভ্যাট কমিশনারেটসমূহ	লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জনে সক্ষম হননি
	বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (উত্তর), ঢাকা (পূর্ব), ঢাকা (পশ্চিম), রাজশাহী, সিলেট এবং রংপুর	ভ্যাট কমিশনারেট চট্টগ্রাম, যশোর, খুলনা এবং কুমিল্লা।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড রাষ্ট্রের রাজস্ব ভান্ডারকে সমৃদ্ধ করার জন্য শুল্ক ও ভ্যাট বিভাগের কমিশনারগণকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। পাশাপাশি যেসব কাস্টমস হাউজ এবং ভ্যাট কমিশনারেট রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে পুরোপুরি সক্ষম না হওয়ায় তাঁদেরকে লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার প্রকৃত কারণ বিশ্লেষণ করে প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ দেন। অধিকন্তু তিনি করদাতা ও অংশীজনদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষা, স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে সৌহার্দ্যমূলক সম্পর্ক স্থাপন, নিবিড় মনিটরিং, বকেয়া আদায়, মামলার সুষ্ঠু ব্যবস্থাপনা, বিকল্প বিরোধ নিষ্পত্তি (এডিআর) পদ্ধতি অনুসরণ ও টিমওয়ার্কের মাধ্যমে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে অধিকতর প্রয়াস চালানোর জন্য সুস্পষ্ট নির্দেশনা দেন।

সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান এ বিষয়ে বলেন 'যে সকল রাজস্ব কর্মকর্তা লক্ষ্যমাত্রা পূরণের জন্য নিবেদিত হয়ে কাজ করছেন তাঁদের অর্জনকে আমরা স্বীকৃতি দিয়েছি। যারা বিদ্যমান জনবল ও সম্পদের সদ্ব্যবহার করে লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হননি তাঁদেরকে আরো উদ্বুদ্ধ হয়ে সেচেষ্টা হতে আমরা পরামর্শ দিচ্ছি। পাশাপাশি মাঠ পর্যায়ে যেসব চ্যালেঞ্জ রয়েছে তা মোকাবেলা করে সফল হওয়ার জন্য আহ্বান জানান তিনি।

বর্গিত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুবিনয় অনুরোধ করা হলো।


(সৈয়দ এ, মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া।